

## উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি আইন, ২০২১

সূচী

- ১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন
- ২। সংজ্ঞা
- ৩। একাডেমি প্রতিষ্ঠা
- ৪। একাডেমির প্রতিষ্ঠান
- ৫। একাডেমির সাধারণ পরিচালনা
- ৬। পরিচালনা বোর্ড
- ৭। একাডেমির কার্যাবলি
- ৮। বোর্ডের সভা
- ৯। কমিটি গঠন ও উহার কার্যাবলী
- ১০। মহাপরিচালক
- ১১। মহাপরিচালকের দায়িত্ব
- ১২। একাডেমির জনবল কাঠামো
- ১৩। ফ্যাব্রিকেশন ল্যাব স্থাপন
- ১৪। একাডেমির তহবিল
- ১৫। সংরক্ষিত তহবিল গঠন
- ১৬। বাজেট
- ১৭। হিসাবরক্ষণ ও নিরীক্ষা
- ১৮। বার্ষিক প্রতিবেদন
- ১৯। ক্ষমতাপর্গণ
- ২০। বিধি প্রণয়নের ক্ষমতা
- ২১। প্রবিধান প্রণয়নের ক্ষমতা
- ২২। প্রকল্পের বিলুপ্তি, ইত্যাদি
- ২৩। অসুবিধা দূরীকরণ
- ২৪। ইংরেজিতে অনুদিত পাঠ প্রকাশ

বিল নং....., ২০২১

সমাজে বিদ্যমান সমস্যা সমাধানে স্টার্টআপদের উদ্ভাবিত পণ্য বা সেবার ব্যবসায়িক বিকাশের মাধ্যমে দেশে উদ্যোক্তা সংস্কৃতির (entrepreneurship culture) উন্নয়ন এবং একটি স্টার্টআপ সহায়ক ইকোসিস্টেম গড়িয়া তুলিবার লক্ষ্যে ‘উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি’ নামে একটি একাডেমি প্রতিষ্ঠা এবং আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধান প্রণয়নকল্পে আনীত

## বিল

যেহেতু সমাজে বিদ্যমান সমস্যা সমাধানে স্টার্টআপদের উদ্ভাবিত পণ্য বা সেবার ব্যবসায়িক বিকাশের মাধ্যমে দেশে উদ্যোক্তা সংস্কৃতির (entrepreneurship culture) উন্নয়ন এবং একটি স্টার্টআপ সহায়ক ইকোসিস্টেম গড়িয়া তুলিবার লক্ষ্যে ‘উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি’ নামে একটি একাডেমি প্রতিষ্ঠা এবং আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।-** (১) এই আইন উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি আইন , ২০২১ নামে অভিহিত হইবে।

(২) এই আইন অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) “একাডেমি” অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি;

(খ) “উদ্ভাবন” অর্থ কোন পণ্য ও সেবার উন্নয়ন, সমন্বয়, উৎকর্ষ সাধন, অভিযোজন বা প্রবর্তনের মাধ্যমে কোন সমস্যা সমাধানে নূতন কোন সুবিধা বা উপযোগিতা তৈরী করা;

(গ) “গ্রোথ পর্যায়ের স্টার্টআপ” অর্থ এমন পর্যায়ের স্টার্টআপ যাহা-

(অ) কোনো ব্যবসায়ের বাণিজ্যিকীকরণে র ( business commercialization)

কার্যক্রম শুরু করিয়াছে,

- (আ) ব্যবসা পর্যায়ে শক্তিশালী গ্রাহক ভিত্তি ( strong customer base) তৈরি করিতে সক্ষম হইয়াছে, এবং
- (ই) দ্রুত বর্ধনশীল (rapid growth) ব্যবসা হিসেবে নিরূপণ করিবার মত পর্যাপ্ত আয়-উপার্জন (revenue) করিতেছে;
- (ঘ) “তহবিল” অর্থ একাডেমির তহবিল;
- (ঙ) “পরিচালনা বোর্ড” বা “বোর্ড” অর্থ একাডেমির পরিচালনা বোর্ড;
- (চ) “প্রটোটাইপ” অর্থ কোনো হার্ডওয়্যার, সফটওয়্যার, ওয়েবসাইট, অ্যাপ, পণ্য বা সেবার প্রাথমিক রূপ যাহার মাধ্যমে কোনো পণ্য বা সেবা সম্পর্কে একটি ধারণা পাওয়া যায় বা উহা সম্পর্কে অভিজ্ঞতা অর্জন করা যায় বা উহার কার্যকরতা উপলব্ধি করা যায়;
- (ছ) “প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;
- (জ) “প্রশিক্ষণ” অর্থ একাডেমি কর্তৃক পরিচালিত স্টার্টআপ বা উদ্যোক্তাদের জন্য পরিচালিত প্রশিক্ষণ;
- (ঝ) “প্রি-সীড পর্যায়ের স্টার্টআপ” অর্থ এমন পর্যায়ের স্টার্টআপ যাহার-
- (অ) একটি উদ্ভাবনী ধারণা (innovative idea), বা ব্যবসায়িক পরিকল্পনা ( business plan) রহিয়াছে;
- (আ) ব্যবসায়িক পরিকল্পনা বাস্তবায়নে একটি প্রোটোটাইপ প্রস্তুত করিবার জন্য কার্যক্রম শুরু করিয়াছে বা করিতেছে, এবং
- (ই) উক্ত প্রোটোটাইপ বাজারে পরীক্ষাক্রমে উহার যথাযথতা নিরূপণ করিতে সচেষ্ট রহিয়াছে।
- (ঞ) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;
- (ট) “মহাপরিচালক” অর্থ একাডেমির মহাপরিচালক;
- (ঠ) “মেন্টরিং” অর্থ উচ্চ তর জ্ঞান ও দক্ষতা সম্পন্ন কোনো ব্যক্তি কর্তৃক স্টার্টআপ বা উদ্ভাবকদের উদ্ভাবনী ধারণা বা জ্ঞানের বিকাশ ঘটাইবার বা উহা কার্যকর করিবার একটি সহায়ক প্রক্রিয়া;
- (ড) “সীড পর্যায়ের স্টার্টআপ” অর্থ এমন পর্যায়ের স্টার্টআপ যাহা- পণ্য বা সেবার একটি পরীক্ষিত প্রোটোটাইপ প্রস্তুতক্রমে উহা বাজারে যাচাই-বাছাইয়ের মাধ্যমে একটি গ্রহণযোগ্য ও টেকসই ব্যবসায়িক মডেল খুঁজিয়া পাইয়াছে, বা ন্যূনতম একটি গ্রাহক ভিত্তি (customer base) তৈরি করিতে সক্ষম হইয়াছে ;

(ঢ) “স্টার্টআপ” অর্থ নিম্নবর্ণিত বৈশিষ্ট্যসম্পন্ন এমন কোনো প্রতিষ্ঠান যাহা-

(অ) কোনো উদ্ভাবনী পণ্য বা সেবার কার্যক্রম পরিচালনা করে;

(আ) কোনো উদ্ভাবনী ধারণা, প্রোটোটাইপ বা পণ্য বা সেবা বাজারজাত করে;

(ই) কোনো সমস্যার বিদ্যমান ব্যবস্থায় সমাধানের তুলনায় সম্ভাব্য বা অধিকতর নৈপুণ্যতার সাথে সমাধান করিতে সক্ষম হয়;

(ঈ) কোনো প্রতিষ্ঠিত ব্যবসায়িক মডেলে নূতন কোনো উদ্ভাবন বা নূতন কোনো ব্যবসায়িক মডেলের অনুসন্ধান করে; বা

(উ) কোনো উদ্ভাবিত ব্যবসায়িক মডেলের মাধ্যমে পুনঃ পুনঃ (repetable) দ্রুত বর্ধনশীল (scalable) প্রকৃতির ব্যবসা পরিচালনা করে।

**৩। একাডেমি প্রতিষ্ঠা।-** (১) এই আইন বলবৎ হইবার সঙ্গে সঙ্গে উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি নামে একটি একাডেমি প্রতিষ্ঠিত হইবে।

(২) একাডেমি একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং ইহার স্বাবর ও অস্বাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে, এবং একাডেমি ইহার নামে মামলা দায়ের করিতে পারিবে বা উক্ত নামে ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

**৪। একাডেমির কার্যালয়।-** (১) একাডেমির প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে।

(২) একাডেমি, প্রয়োজনে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যেকোনো স্থানে ইহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

**৫। একাডেমির সাধারণ পরিচালনা।-** একাডেমির পরিচালনা ও প্রশাসন একটি পরিচালনা বোর্ড এর উপর ন্যস্ত থাকিবে এবং একাডেমি যে ক্ষমতা প্রয়োগ ও কার্য-সম্পাদন করিতে পারিবে পরিচালনা বোর্ডও সেই ক্ষমতা প্রয়োগ ও কার্য-সম্পাদন করিতে পারিবে।

৬। পরিচালনা বোর্ড- (১) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একাডেমির পরিচালনা বোর্ড গঠিত হইবে, যথা:-

- (ক) মন্ত্রী/প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, যিনি ইহার সভাপতিও হইবেন;
- (খ) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, যিনি ইহার সহ-সভাপতিও হইবেন;
- (গ) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল;
- (ঘ) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ;
- (ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অনূ্যন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (চ) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অনূ্যন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ছ) শিল্প মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অনূ্যন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (জ) বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অনূ্যন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ঝ) মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অনূ্যন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ঞ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অনূ্যন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ট) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অনূ্যন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ঠ) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক মনোনীত উক্ত কমিশনের অনূ্যন পরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ড) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত উক্ত কর্তৃপক্ষের অনূ্যন পরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ঢ) সরকার কর্তৃক মনোনীত তথ্য প্রযুক্তিতে অনূ্যন দশবৎসরের অভিজ্ঞতাসম্পন্ন একজন তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞ;
- (ণ) সরকার কর্তৃক মনোনীত অনূ্যন অধ্যাপক পদমর্যাদার একজন শিক্ষাবিদ;
- (ত) সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ;

(খ) সভাপতি, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;

(দ) মহাপরিচালক, যিনি ইহার সচিবও হইবেন।

(২) উপ-ধারা (১) এর দফা (ঢ) ও (ণ) এর অধীন মনোনীত সদস্যগণ তাঁহাদের মনোনয়নের তারিখ হইতে তিন বৎসরের জন্য সদস্য পদে বহাল থাকিবেন।

(৩) উপ-ধারা (১) এর দফা (ঢ) ও (ণ) এর অধীন মনোনীত সদস্যের মেয়াদ শেষ হইবার পূর্বেও সরকার, কোনো কারণ দর্শানো ব্যতিরেকে, উক্তরূপ কোনো সদস্যকে যেকোনো সময় তাঁহার দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে এবং উক্তরূপ কোনো সদস্য যেকোনো সময় পরিচালনা বোর্ডের সভাপতিকে উদ্দেশ্য করিয়া তাঁহার সাক্ষরযুক্ত পত্রযোগে স্থায় পদ ত্যাগ করিতে পারিবেন।

৭ | একাডেমির কার্যাবলী|- একাডেমির কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:-

(ক) স্টার্টআপদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) সংক্রান্ত পণ্য ও সেবাসমূহের উদ্ভাবনী ধারণাকে যথোপযুক্ত ব্যবসায়িক মডেলে রূপান্তরের মাধ্যমে দেশীয় ও আন্তর্জাতিক বিপন্ন ব্যবস্থাপনায় উদ্ভাবকদের অধিকতর কৌশলী করিয়া তুলিবার মাধ্যমে ব্যবসা প্রসারে সহায়তা করা;

(খ) প্রী-সীড, সীড ও গ্রোথ পর্যায়ের উপর ভিত্তি করিয়া স্টার্টআপ ও উদ্ভাবকদের উদ্ভাবনী ধারণার বিকাশের জন্য তাঁহাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ, মেন্টরিং বা ইনকিউবেশন কারিকুলাম নির্ধারণ করা;

(গ) প্রী-সীড পর্যায়ের স্টার্টআপদের ব্যবসায়িক ধারণার বিকাশের জন্য প্রয়োজনীয় আর্থিক অনুদান সহায়তা প্রদান করা;

(ঘ) প্রশিক্ষণ, মেন্টরিং বা ইনকিউবেশন কারিকুলামের ভিত্তিতে স্টার্টআপ ও উদ্ভাবকদের প্রয়োজনীয় প্রশিক্ষণের মডিউল নির্ধারণ, প্রশিক্ষণ পরিচালনা ও মূল্যায়ন করার মাধ্যমে তাঁহাদের কারিগরি সক্ষমতা বৃদ্ধি, যথাযথ নকশা প্রণয়নের চিন্তা (Design Thinking) উন্নতকরণ, ব্যবসায়িক মডেল ও আর্থিক কৌশল প্রণয়নে সহযোগিতা করা;

(ঙ) অনলাইনে বা অফলাইনে স্টার্টআপদের জন্য আন্তর্জাতিক মানের উচ্চতর প্রশিক্ষণ প্রদান করিবার লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/

- জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বা অন্যান্য প্রতিষ্ঠানসমূহের সহযোগিতা ও প্রয়োজনীয় ক্ষেত্রে অনুমোদন গ্রহণ করা;
- (চ) দেশে উদ্ভাবনী সংস্কৃতির প্রাতিষ্ঠানিকীকরণ ও উদ্ভাবনী ধারণা বাস্তবায়নে কার্যক্রম পরিচালনা করে এমন বিশ্ববিদ্যালয়সহ শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য সরকারী বা বেসরকারি প্রতিষ্ঠানের সহিত যৌথভাবে কার্যক্রম পরিচালনা করিবার মাধ্যমে স্টার্টআপ সংস্কৃতির বিকাশের লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা;
- (ছ) প্রায়োগিক বিষয়সমূহের উপযুক্ত জ্ঞান ও ধারণা লাভ করার ক্ষেত্রে বিভিন্ন স্বনামধন্য বেসরকারী প্রতিষ্ঠান বা স্টার্টআপ কোম্পানিতে স্টার্টআপদের ইন্টার্নশীপের ব্যবস্থা করা;
- (জ) স্টার্টআপসমূহের জ্ঞান ও প্রযুক্তির বিকাশ ঘটানোর উদ্দেশ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইনে বা অফলাইনে উদ্ভাবনী প্রতিযোগিতার আয়োজন করা সহ এতদসংক্রান্ত বিষয়ে রোড শো, সেমিনার, কর্মশালা, বুট ক্যাম্প, টেলিভিশন প্রোগ্রাম, রেডিও শো, মেলা ও প্রদর্শনীর আয়োজন করা;
- (ঝ) উদ্ভাবক বা উদ্যোক্তাদের উদ্ভাবিত পণ্য ও সেবার মেধাস্বত্ব সংরক্ষণে প্রক্রিয়াগত ও আইনগত সহায়তা প্রদান করা;
- (ঞ) পণ্যের নকশা ( design) প্রস্তুত, উন্নয়ন (development) এবং উহা পরীক্ষার (testing) জন্য ফেরিকেশন ল্যাব স্থাপন ও পরিচালনা করা;
- (ট) স্টার্টআপ সংক্রান্ত গবেষণা কার্যক্রম পরিচালনা করা এবং উক্ত গবেষণায় প্রাপ্ত ফলাফল প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা;
- (ঠ) সরকারের পূর্বানুমোদনক্রমে, এই আইনের উদ্দেশ্যের সহিত সামঞ্জস্যপূর্ণ চুক্তি সম্পাদন করা;
- (ড) সরকার কর্তৃক প্রদত্ত স্টার্টআপ সংক্রান্ত অন্যান্য দায়িত্ব পালন করা;
- (ঢ) একাডেমির নিয়মিত কার্যক্রম পরিচালনা সহ অন্যান্য কার্যক্রম পর্যালোচনা ও দিকনির্দেশনা প্রদান;
- (ণ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রয়োজনীয় ও আনুষঙ্গিক কার্যাবলী সম্পাদন করা।

৮। **বোর্ডের সভা**। (১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) প্রতি বৎসর বোর্ডের অন্যান্য তিনটি সভা অনুষ্ঠিত হইতে হইবে।

(৩) বোর্ডের সভা উহার সভাপতি কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হইবে।

(৪) বোর্ডের সভার কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার অন্যান্য এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে।

(৫) বোর্ডের সভাপতি বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাঁহার অনুপস্থিতিতে বোর্ডের সহ-সভাপতি সভাপতিত্ব করিবেন।

(৬) প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারীর দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৭) বোর্ড উহার কোনো সভায় কোনো আলোচ্য বিষয়ে বিশেষ অবদান রাখিতে সক্ষম এইরূপ যেকোনো বিশেষজ্ঞ বা পরামর্শককে আমন্ত্রণ জানাইতে পারিবে এবং উক্তরূপ আমন্ত্রিত ব্যক্তি আলোচনায় অংশগ্রহণ করিতে পারিবেন, তবে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে উক্ত ব্যক্তির ভোট প্রদানের অধিকার থাকিবে না।

(৮) শুধুমাত্র কোনো সদস্য পদে শূন্যতা বা বোর্ড গঠনে ত্রুটি থাকার কারণে কোনো কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

৯। **কমিটি গঠন ও উহার কার্যাবলী**। (১) একাডেমি উহার কার্যাবলী সুচারুরূপে সম্পাদন করিবার জন্য বা উহার দায়িত্ব পালনে উহাকে সহায়তা প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক কমিটি গঠন করিতে পারিবে;

(২) উপ-ধারা (১) এর অধীন গঠিত কমিটির গঠন, উহার দায়িত্ব ও কার্যাবলী বিধি দ্বারা নির্ধারিত হইবে।

১০। **মহাপরিচালক**। (১) একাডেমির একজন মহাপরিচালক থাকিবেন।

(২) মহাপরিচালক সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাঁহার চাকরির শর্তাদি সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।

(৩) মহাপরিচালকের পদ শূন্য হইলে, বা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোনো কারণে মহাপরিচালক তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, নবনিযুক্ত মহাপরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা মহাপরিচালক

পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সামর্থ্য না হওয়া পর্যন্ত, সরকার কর্তৃক মনোনীত কর্মকর্তা মহাপরিচালক হিসাবে দায়িত্ব পালন করিবেন।

১১। মহাপরিচালকের দায়িত্ব।- মহাপরিচালক একাডেমির সার্বক্ষণিক কর্মকর্তা ও প্রধান নির্বাহী হইবেন এবং তিনি-

- (ক) বোর্ডের সকল সিদ্ধান্ত বাস্তবায়ন ও একাডেমির কার্যাবলি সম্পাদনের জন্য দায়ী থাকিবেন;
- (খ) একাডেমির উন্নয়ন সংক্রান্ত বিষয়াদি ও প্রশাসনিক কার্যাবলির সার্বিক তত্ত্বাবধান ও পরিচালনা করিবেন;
- (গ) প্রতি অর্থ-বৎসরে একাডেমির কার্যক্রমের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করিয়া উহা বোর্ডের অনুমোদনের জন্য উপস্থাপন করিবেন;
- (ঘ) বোর্ড কর্তৃক, সময়ে সময়ে, প্রদত্ত ক্ষমতা প্রয়োগ বা দায়িত্ব পালন করিবেন;
- (ঙ) এই আইন ও তদধীন প্রণীত বিধি ও প্রবিধানের বিধান প্রতিপালন নিশ্চিত করিবেন।

১২। একাডেমির জনবল কাঠামো।- একাডেমি উহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে একাডেমি, উহার অনুমোদিত সাংগঠনিক কাঠামো ও বেতনক্রম অনুযায়ী, প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা, পরামর্শক ও অন্যান্য কর্মচারী নিয়োগ করিতে পারিবে এবং তাঁহাদের চাকুরীর শর্তাবলী প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

১৩। ফ্যাব্রিকেশন ল্যাব স্থাপন।- (১) এই আইনের উদ্দেশ্যে পূরণকল্পে, একাডেমি একটি ফ্যাব্রিকেশন ল্যাব স্থাপন করিতে পারিবে।

(২) ফ্যাব্রিকেশন ল্যাব স্থাপন, ব্যবহার, পরিচালনা ও অন্যান্য বিষয়াদি একাডেমি কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) উপ-ধারা (১) এর অধীন স্থাপিত ফ্যাব্রিকেশন ল্যাব এর প্রধান কার্যাবলী হইবে স্টার্টআপ ধারণার ভিত্তিতে প্রস্তুতকৃত প্রোটোটাইপ নূন্যতম বাজার উপযোগী পণ্যে (minimum viable product) রূপান্তরের জন্য প্রয়োজনীয় ল্যাব সুবিধা প্রদান করা।

(৪) ফ্যাব্রিকেশন ল্যাব এর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে একাডেমি সা রা বৎসর বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সহিত স্টার্টআপ সংক্রান্ত যৌথ কার্যক্রম গ্রহণ ও পরিচালনা করিতে পারিবে।

**১৪। একাডেমির তহবিল।-** (১) একাডেমির কার্য পরিচালনার জন্য উহার একটি নিজস্ব তহবিল থাকিবে এবং নিম্নবর্ণিত উৎস হইতে প্রাপ্ত অর্থ উক্ত তহবিলে জমা হইবে, যথা:-

- (ক) সরকারের নিকট হইতে প্রাপ্ত সাহায্য, মঞ্জুরি ও অনুদান;
- (খ) সরকারের অনুমোদনক্রমে, কোনো বিদেশী সরকার বা জাতীয় বা আন্তর্জাতিক কোনো সংস্থা, সংগঠন, ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অনুদান;
- (গ) একাডেমি কর্তৃক প্রদত্ত সেবা বা পরামর্শ বা প্রশিক্ষণ প্রদানের বিনিময়ে অর্জিত আয়;
- (ঘ) সরকারের পূর্বানুমোদনক্রমে, একাডেমি কর্তৃক গৃহীত ঋণ;
- (ঙ) একাডেমির সম্পত্তি বা তহবিলের অর্থ বিনিয়োগ হইতে অর্জিত আয় বা মুনাফা;
- (চ) একাডেমির নিজস্ব উৎস হইতে প্রাপ্ত আয়; এবং
- (ছ) সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ।

(২) একাডেমির তহবিল হইতে একাডেমির কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতা প্রদানসহ একাডেমির প্রয়োজনীয় অন্যান্য ব্যয় নির্বাহ করা হইবে।

(৩) সরকারি অনুদান হইতে প্রাপ্ত অর্থ একাডেমির লক্ষ্য ও উদ্দেশ্য পূরণকল্পে পরিচালিত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমে ব্যয় করা যাইবে।

(৪) একাডেমির তহবিল বা উহার অংশ বিশেষ সরকার কর্তৃক অনুমোদিত খাতে বিনিয়োগ করা যাইবে।

(৫) সরকার কর্তৃক প্রদত্ত অর্থ ব্যয়ের ক্ষেত্রে একাডেমি প্রচলিত সরকারি বিধি-বিধান অনুসরণ করিবে এবং অন্যান্য উৎস হইতে প্রাপ্ত অর্থ বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ব্যয় করিতে পারিবে।

(৬) উক্ত তহবিলের অর্থ কোনো তপশিলি ব্যাংকে একাডেমির নামে জমা রাখিতে হইবে এবং বোর্ডের সিদ্ধান্ত অনুসারে উক্ত অর্থ উত্তোলন করা যাইবে।

**ব্যাখ্যা।-** উপ-ধারা (৬) এর উদ্দেশ্য পূরণকল্পে, ‘তপশিলি ব্যাংক’ অর্থ Bangladesh Bank Order, 1972 (P. O. No. 127 of 1972) এর Article 2(j)তে সংজ্ঞায়িত Scheduled Bank।

**১৫। সংরক্ষিত তহবিল গঠন।-** একাডেমি একটি সংরক্ষিত তহবিল গঠন করিতে পারিবে, যাহাতে একাডেমির বার্ষিক আয় হইতে বোর্ড কর্তৃক নির্ধারিত পরিমাণ টাকা জমা হইবে।

১৬। **বাজেট**- একাডেমি প্রতি বৎসর সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী ও চাহিদা সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে অনুমোদনের জন্য সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে একাডেমির কী পরিমাণ অর্থের প্রয়োজন হইবে উহার উল্লেখ থাকিবে।

১৭। **হিসাবরক্ষণ ও নিরীক্ষা** - (১) একাডেমি, সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে, যথাযথভাবে উহার হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহাহিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহাহিসাব-নিরীক্ষক বলিয়া উল্লিখিত প্রতি বৎসরে একাডেমির হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা রিপোর্টের একটি করিয়া অনুলিপি প্রতি বৎসরের ৩১ শে ডিসেম্বরের মধ্যে সরকার ও একাডেমির নিকট পেশ করিবেন।

(৩) উপ-ধারা (২) এ উল্লিখিত নিরীক্ষা প্রতিবেদনের উপর কোনো আপত্তি উত্থাপিত হইলে উহা নিষ্পত্তির জন্য একাডেমি, অবিলম্বে, যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) উপ-ধারা (২) এ উল্লিখিত নিরীক্ষা ব্যতিরেকেও Bangladesh Chartered Accountants Order, 1973 (P.O No. 2 of 1973)-এর Article 2(1)(b)-তে গৃহীত সংজ্ঞা অনুযায়ী চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট দ্বারা একাডেমির হিসাব নিরীক্ষা করা যাইবে।

(৫) উপ-ধারা (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে, একাডেমি এক বা একাধিক চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট নিয়োগ করিতে পারিবে এবং এইরূপ নিয়োগকৃত চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট নির্দিষ্টকৃত হারে পারিতোষিক প্রাপ্য হইবেন।

(৬) উপ-ধারা (২) ও (৪) অনুযায়ী হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে, মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক বা তাঁহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি বা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট একাডেমির সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ অথবা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং একাডেমির যেকোনো সদস্য, কর্মকর্তা ও কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

১৮। **বার্ষিক প্রতিবেদন**- (১) একাডেমি প্রতি বৎসর তৎকর্তৃক উক্ত বৎসরে সম্পাদিত কার্যাবলীর বিবরণ সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করিয়া সরকারের নিকট দাখিল করিবে।

(২) সরকার, প্রয়োজনে, একাডেমির নিকট হইতে একাডেমি সংক্রান্ত যেকোনো বিষয়ের ওপর প্রতিবেদন বা বিবরণী প্রদানের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন প্রতিবেদন বা বিবরণী তলব করা হইলে একাডেমি উহা সরকারের নিকট প্রেরণ করিতে বাধ্য থাকিবে।

( ৪) একাডেমি তৎকর্তৃক প্রস্তুতকৃত প্রতিবেদন বা বিবরণী উহার নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করিতে পারিবে।

১৯। ক্ষমতাপর্ষণ।— পরিচালনা বোর্ড, প্রয়োজনে এবং তৎকর্তৃক নির্ধারিত শর্তে, এই আইনের অধীন তঁহার উপর অর্পিত যেকোনো ক্ষমতা বা দায়িত্ব, লিখিত আদেশ দ্বারা, মহাপরিচালক বা একাডেমির কোনো কর্মকর্তা বা কর্মচারিকে অর্পণ করিতে পারিবেন।

২০। বিধি প্রণয়নের ক্ষমতা।- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

২১। প্রবিধান প্রণয়নের ক্ষমতা।- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, একাডেমি, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন বা কোনো বিধির সহিত অসামঞ্জস্য না হয় এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

২২। প্রকল্পের বিলুপ্তি, ইত্যাদি।- (১) ধারা ৩ এর অধীন একাডেমি প্রতিষ্ঠার, সঞ্চে সঞ্চে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ০৪.০২.২০১৬ তারিখের স্মারক নং- ৫৬.০০.০০০০.০২২.৯৯.০১০.১৫-৪৭ দ্বারা গৃহীত বিভাগের “iDEA: উদ্ভাবন পরিকল্পনা এবং উদ্যোক্তা উন্নয়ন একাডেমী” প্রকল্প, অতঃপর উক্ত প্রকল্প বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইবে।

(২) উক্ত প্রকল্পের সকল সম্পদ অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব, সুবিধাদি, সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি, তহবিল, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ, বিনিয়োগ, উক্ত প্রকল্পের যাবতীয় অধিকার, স্বার্থ ও তৎসম্পর্কিত সকল হিসাব বহি, রেজিস্টার, রেকর্ডপত্র ও অন্যান্য যে কোনো দলিলপত্র এবং উক্ত প্রকল্পের যাবতীয় কার্যক্রম একাডেমির নিকট ন্যস্ত হইবে।

(৩) উক্ত প্রকল্পে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীগণের চাকুরীর শর্তাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, উক্ত প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীগণের, যদি থাকে, চাকুরী একাডেমিতে ন্যস্ত হইবে এবং তঁহারা, ধারা ২১ এর অধীন একাডেমির কর্মকর্তা ও কর্মচারি নিয়োগ সংক্রান্ত চাকুরী প্রবিধানমালার প্রণীত না হওয়া পর্যন্ত,-

(ক) একাডেমির কর্মকর্তা ও কর্মচারি হিসাবে কর্মরত থাকিবেন এবং একাডেমির সাংগঠনিক কাঠামো ও উক্ত প্রবিধানে বর্ণিত পদের বিপরীতে নির্ধারিত যোগ্যতা পূরণ সাপেক্ষে নিয়োগ লাভের যোগ্য হইবেন; এবং

(খ) উক্ত প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীগণ উক্ত চাকুরী প্রবিধানমালার অধীন নিয়োগ লাভের ক্ষেত্রে তাহাদের দক্ষতা ও অভিজ্ঞতা বিবেচনায় প্রাধিকার পাইবেন।

২৩। **অসুবিধা দূরীকরণ।-** এই আইনের কোনো বিধানে অস্পষ্টতার কারণে উহা কার্যকর করিবার ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে, সরকার, এই আইনের অন্যান্য বিধানের সহিত সামঞ্জস্য রাখিয়া, সরকারি গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা, উক্ত বিধানের স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদানপূর্বক উক্ত বিষয়ে করণীয় সম্পর্কে নির্দেশনা প্রদান করিতে পারিবে।

২৪। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।-** (১) এই আইন কার্যকর হইবার পর সরকার , সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি**

ভারপ্রাপ্ত মন্ত্রী।